গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত পরিচালক, চট্টগ্রাম
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

এবং

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০১৯ - ৩০ জুন ২০২০

# সূচিপত্র


| ক্রমিক | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | উপক্রমণিকা....................................................................................... | ৩ |
| ০২ | কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............................................................................ | ৪ |
| ০৩ | সেকশন ১ : রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি... | ৫ |
| ০৪ | সেকশন ২ : কার্যক্রম, কার্যসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬ |
| ০৫ | সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms)........................................................ | ৮ |
| ০৬ | সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি............... | ৯-১০ |
| ০৭ | সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১১ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমুহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

এবং

মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হ'ল:

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the performance of the Department of Narcotics Control, Divisional office,Chattagram )**

**সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ প্রবর্তন করে বিগত ২৭.১২.২০১৮ তারিখ থেকে কার্যকর হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদকের অপব্যবহার ও পাচার এবং মাদকাসক্তি রোধকল্পে নোডাল এজেন্সি হিসেবে কাজ করছে। বিগত ০৩ (তিন) বছরে ২৭৬০০ টি মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ৭০০৮ টি মামলা দায়েরপূর্বক ৭৩৯০ জন মাদক অপরাধীকে গ্রেফতার করা হয়েছে। উক্ত মামলায় ৬২৬৯৩৭৬ পিস ইয়াবা, ১১,২২০ বোতল ফেন্সিডিল, হেরোইন ও ২৭৯৫ কেজি গাঁজাসহ বিভিন্ন ধরণের মাদকদ্রব্য জব্দ করা হয়েছে। তাছাড়া মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান পরিচালনাপূর্বক মাদক অপরাধীদেরকে বিভিন্ন মেয়াদে তাৎক্ষণিকভাবে সাজা প্রদান করা হয়েছে। মাদকবিরোধী প্রচার কার্যক্রমের অংশ হিসেবে অধিদপ্তর থেকে সরবরাহকৃত লিফলেট ও পোস্টার বিতরণ, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে শর্টফিল্ম প্রদর্শণ, মানবদেহের মাদকের ক্ষতিকর প্রভাব সম্বলিত ফেস্টুন বিতরণ এবং মাদকবিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সভা-সেমিনার আয়োজন করা হয়েছে। মাদকাসক্তদের সুস্থ ও স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য সরকারি ও বেসরকারিভাবে পরিচালিত ৩৪ টি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাধ্যমে মোট ১২০০০ জন মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা প্রদান করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ**

মাদকাসক্তদের তালিকা প্রণয়নপূর্বক তাঁদের যথাযথ চিকিৎসা প্রদান, সীমিত জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে জোরপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের বসবাসকৃত ক্যাম্পে কার্যকর মাদকবিরোধী অভিযান পরিচালনা এবং মাদক অপরাধের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা অত্র বিভাগের কাজের ক্ষেত্রে অন্যতম প্রধান চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হয়ে আসছে।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনের লক্ষ্যে ২৫ শয্যায় উন্নীতকৃত বিভাগীয় মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে মাদকাসক্তদেরকে উন্নত চিকিৎসা প্রদানের পদক্ষেপ গ্রহণ। চট্টগ্রাম বিভাগীয় শহরে ২০০ (দুইশত) শয্যাবিশিষ্ট নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপন। বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার স্থাপন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জনবলের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিদেরকে প্রশিক্ষণ প্রদান এবং Modernization of DNC প্রকল্প বাস্তবায়নে অধিদপ্তরকে সহায়তা প্রদান। মাদকবিরোধী ডোপ টেস্ট নীতিমালা প্রণয়ন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর সাথে সামঞ্জস্য করে বিদ্যমান বিধিমালাসমূহ সংশোধন ও চূড়ান্তকরণে অধিদপ্তরকে সহায়তা করা।

**২০১৯-২০২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- মাদক অপরাধ রোধকল্পে ৯৭৬৫ টি অভিযান পরিচালনা করা হবে;
- মাদক ব্যবসায়ীদের তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হবে;
- শিক্ষা প্রতিষ্ঠান, কারাগার ও অন্যান্য স্থানে মোট ১৪৭৩ টি মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হবে;
- মাদকবিরোধী ডিজিটাল প্রচারনার জন্য বিভাগীয় কার্যালয়ের অধীন প্রতিটি জেলায় কিয়স্ক বিতরণ এবং দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত মানবদেহে মাদকের ক্ষতিকর প্রভাব সম্বলিত ৩৪ হাজার স্কেল এবং ৫৫৬৫ টি ফেস্টুন বিতরণ করা হবে;
- সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ৪৭৮০ জন মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা প্রদান করা হবে;

## সেকশন-১

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি।

### ১.১ রূপকল্প(Vision)

মাদকাসক্তি মুক্ত বাংলাদেশ গড়া।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

দেশে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধে এনফোর্সমেন্ট ও আইনি কার্যক্রম জোরদার এবং মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন নিশ্চিতকরণের মাধ্যমে পর্যায়ক্রমে দেশে মাদকের অপব্যবহার কমিয়ে আনা।

### ১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. গণসচেতনতার মাধ্যমে মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধকরণ;
২. মাদক সরবরাহ হ্রাস এবং
৩. মাদকের ক্ষতি হ্রাস ও মাদকাসক্ত ব্যক্তির চিকিৎসা।

### ১.৪ প্রধান কার্যাবলি (Main Functions)

১. মাদকবিরোধী প্রচারণা, লিফলেট ও পোস্টার বিতরণ;

২. মাদকবিরোধী শর্ট ফিল্ম প্রদর্শণ;

৩. ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ায় মাদকবিরোধী আলোচনা ও প্রচার সম্প্রসারণ;

৪. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও তদূর্ধ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন;

৫. কারাগারসমূহে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন;

৬. মাদক পাচার প্রতিরোধে অভিযান পরিচালনা ও নিয়মিত মামলা রুজুকরণ;

৭. ত্রৈমাসিক ভিত্তিতে মাদক ব্যবসায়ীদের তালিকা হালনাগাদকরণ;

৮. সকল জেলায় বেসরকারি নিরাময় কেন্দ্র স্থাপন;

৯. দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদান;

১০. প্রিকারসর কেমিক্যালসহ অন্যান্য লাইসেন্সিদের সেবা প্রদান।

সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ।

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | ভিত্তি বছর (Base Year) ২০১৭-২০১৮ | প্রকৃত অর্জন ২০১৮-২০১৯* | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-2020) অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ (projection) 2020-2021 | প্রক্ষেপণ (projection) 2021-2022 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. গণসচেতনতার মাধ্যমে মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধকরণ | ৪৪ | (১.১) শিক্ষা প্রতিষ্ঠান এবং সংশোধনাগারে মাদকবিরোধী প্রচারমূলক কার্যক্রম পরিচালনা | (১.১.১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম | সংখ্যা | ১০ | ৮২২ | ৭৩২ | ৮০৯ | ৮০৭ | ৮০৫ | ৮০৩ | ৮০১ | ৮২০ | ৮৩০ |
| | | | (১.১.২) মানবদেহে মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কিত ফেস্টুন বিতরণ | সংখ্যা | ৮ | - | - | ৫৫৬৫ | ৫৫৬৩ | ৫৫৬১ | ৫৫৫৯ | ৫৫৫৭ | ৫৫৭০ | ৫৫৮০ |
| | | | (১.১.৩) উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম | সংখ্যা | ৬ | ১০০ | ৭৫ | ৮২ | ৮০ | ৭৮ | ৭৬ | ৭৪ | ৯০ | ১০০ |
| | | | (১.১.৪) কারাগারসমূহে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম | সংখ্যা | ৪ | ৩১ | ২৭ | ৩৫ | ৩৩ | ৩১ | ২৯ | ২৭ | ৪০ | ৪৫ |
| | | (১.২) মাদকবিরোধী সভা, সেমিনার ও অন্যান্য কার্যক্রম | (১.২.১) শিক্ষা প্রতিষ্ঠান ও কারাগার ব্যতীত অন্যান্য স্থানে আয়োজিত মাদকবিরোধী সভা, সেমিনার ও অন্যান্য কার্যক্রম | সংখ্যা | ৯ | ৯০ | ৪০৮ | ৫৬৭ | ৫৬৫ | ৫৬৩ | ৫৬১ | ৫২৯ | ৫৭৫ | ৫৮৫ |
| | | (১.৪) মাদকবিরোধী প্রচার কাজের নিমিত্ত প্রতি জেলায় কিয়স্ক বিতরণ | (১.৪.১) বিতরণকৃত কিয়স্ক | সংখ্যা | ৭ | - | - | ২২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ২৫ | ৩০ |
| ২. মাদক সরবরাহ হ্রাসকরণ | ৪২ | (২.১) মাদকবিরোধী অভিযান পরিচালনা | (২.১.১) পরিচালিত মাদকবিরোধী অভিযান | সংখ্যা | ১২ | ৭৫৯৩ | ১০১৪৫ | ৯৭৬৫ | ৯৭৬৩ | ৯৭৬১ | ৯৭৫৯ | ৯৭৫৭ | ৯৭৭০ | ৯৭৮০ |
| | | | (২.১.২) রুজুকৃত মাদক মামলা | সংখ্যা | ৮ | ২১৫৩ | ২২৭২ | ২৬২৫ | ২৬২৩ | ২৬২১ | ২৬১৯ | ২৬১৭ | ২৬৩০ | ২৬৪০ |
| | | | (২.১.৩) সীমান্তবর্তী ৩২টি জেলাসহ অন্যান্য স্থানে অস্থায়ী চেকপোস্ট স্থাপিত | সংখ্যা | ৮ | - | - | ৬৬ | ৬৪ | ৬২ | ৬০ | ৫৮ | ৭০ | ৮০ |
| | | | (২.১.৪) পরিচালিত মাদকবিরোধী টাস্কফোর্স অভিযান | সংখ্যা | ৭ | - | - | ৪ | ৩ | ৩ | ২ | ২ | ৬ | ৮ |
| | | (২.২) গোয়েন্দা নজরদারী বৃদ্ধির মাধ্যমে অবৈধ মাদক ব্যবসায়ীদের তালিকা হালনাগাদ করে ত্রৈমাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠান | (২.২.১) অবৈধ মাদক ব্যবসায়ীদের তালিকা হালনাগাদ করে আহবানকৃত ত্রৈমাসিক সভা | সংখ্যা | ৭ | - | - | ৪ | ৩ | ৩ | ২ | ২ | ৬ | ৬ |
| ৩. মাদকের ক্ষতি হ্রাস ও মাদকাক্ত চিকিৎসা | ১৪ | (৩.১) মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা প্রদান | (৩.১.১) সরকারি নিরাময় কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত মাদকাসক্ত ব্যক্তি | সংখ্যা | ৪ | ১৮৮১ | ৩১৯৬ | ৩৪০০ | ৩৩৯০ | ৩৩৮০ | ৩৩৭০ | ৩৩৬০ | ৩৪৫০ | ৩৫০০ |
| | | | (৩.১.২) বেসরকারি নিরাময় কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত মাদকাসক্ত ব্যক্তি | সংখ্যা | ১০ | ১০০০ | ১৩৭৪ | ১৩৮০ | ১৩৭৫ | ১৩৭০ | ১৩৬৫ | ১৩৬০ | ১৪০০ | ১৪৫০ |

# অঙ্গীকার নামা

আমি অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মহাপরিচালক, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চট্টগ্রাম এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

অতিরিক্ত পরিচালক, চট্টগ্রাম
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

২০.০৬.২০২২
তারিখ

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

২০.৬.২০২২
তারিখ

# সংযোজনী-১

## শব্দসংক্ষেপ

## (Acronyms)

| ক্রমিক | শব্দসংক্ষেপ | পূর্ণরূপ |
|---|---|---|
| ০১. | মানিঅ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ০২. | ডিএনসি | ডিপার্টমেন্ট অব নারকটিক্স কন্ট্রোল |

# সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১.১) শিক্ষা প্রতিষ্ঠান এবং সংশোধনাগারে মাদকবিরোধী প্রচারমূলক কার্যক্রম পরিচালনা। | (১.১.১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম | মাদকের অভিশাপ থেকে বর্তমান প্রজন্মকে দূরে রাখার উদ্দেশ্যে শিক্ষার্থীদের মধ্যে মাদকের ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা। | অতিরিক্ত পরিচালক | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রমের সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও Annual Drug Report, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| | (১.১.২) মানবদেহে মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কিত ফেস্টুন বিতরণ | মাদকের অভিশাপ থেকে বর্তমান প্রজন্মকে দূরে রাখার উদ্দেশ্যে শিক্ষার্থীদের মধ্যে মাদকের ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জনসাধারণের মাঝে মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কিত ফেস্টুন সংগ্রহ ও বিতরণ মাধ্যমে মাদকবিরোধী বিভিন্ন প্রচারমূলক কার্যক্রম পরিচালনা। | অতিরিক্ত পরিচালক | বিতরণকৃত মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কিত ফেস্টুন এর সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| | (১.১.৩) উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম | মাদকের অভিশাপ থেকে বর্তমান প্রজন্মকে দূরে রাখার উদ্দেশ্যে শিক্ষার্থীদের মধ্যে মাদকের ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা। | অতিরিক্ত পরিচালক | উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রমের সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| | (১.১.৪) কারাগারসমূহে পরিচালিত মাদক বিরোধী সচেতনতামূলক কার্যক্রম। | মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে কারাবন্দিদের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশে কারাগারসমূহে মাদকবিরোধী বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা। | অতিরিক্ত পরিচালক | কারাগারসমূহে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রমের সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| (১.২) মাদকবিরোধী সভা, সেমিনার ও অন্যান্য কার্যক্রম। | (১.২.১) শিক্ষা প্রতিষ্ঠান ও কারাগার ব্যতীত অন্যান্য স্থানে আয়োজিত মাদকবিরোধী সভা, সেমিনার ও অন্যান্য কার্যক্রম। | মাদকবিরোধী কার্যক্রম জোরদার করার লক্ষ্যে সচেতনতামূলক সভা, সেমিনার ও অন্যান্য কার্যক্রম। | অতিরিক্ত পরিচালক | মাদকবিরোধী কার্যক্রম জোরদার করার লক্ষ্যে সচেতনতামূলক সভা, সেমিনার ও অন্যান্য কার্যক্রমের সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| (১.৪) মাদকবিরোধী প্রচার কাজের নিমিত্ত প্রত্যেক জেলার জন্য Kiosk বিতরণ। | (১.৪.১) Kiosk বিতরণ। | অধিদপ্তর কর্তৃক নির্মিত মাদকবিরোধী টিভিসি, শর্টফিল্ম, টিভি ফিলার Kiosk-এ প্রচারের মাধ্যমে মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে জনসাধারণকে সচেতন করা। | অতিরিক্ত পরিচালক | বিতরণকৃত Kiosk এর সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| (২.১) মাদকবিরোধী অভিযান পরিচালনা। | (২.১.১) পরিচালিত মাদকবিরোধী অভিযান | মাদকবিরোধী কার্যক্রম জোরদার করার লক্ষ্যে নিয়মিত মাদকবিরোধী অভিযান পরিচালনা করা হয়। | অতিরিক্ত পরিচালক | মাদকবিরোধী কার্যক্রম জোরদার করার লক্ষ্যে মাদকবিরোধী অভিযান পরিচালনার সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| | (২.১.২) রুজুকৃত মাদক মামলা | মাদকবিরোধী অভিযান পরিচালনাকালে ধৃত অপরাধীদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী মামলা রুজু করা হয়। | অতিরিক্ত পরিচালক | মাদকবিরোধী অভিযান পরিচালনাকালে ধৃত অপরাধীদের বিরুদ্ধে আইন অনুযায়ী মামলা রুজু করার সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| | (২.১.৩) সীমান্তবর্তী ৩২টি জেলাসহ অন্যান্য স্থানে অস্থায়ী চেক পোস্ট স্থাপন ও তল্লাশী | সীমান্তে অবৈধ মাদক চোরাচালান পাচার রোধকল্পে চেক পোস্ট স্থাপন | অতিরিক্ত পরিচালক | চেক পোস্ট স্থাপনের সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| | (২.১.৪) মাদকবিরোধী টাস্কফোর্সের অভিযান। | বিভিন্ন সংস্থার প্রতিনিধির সমন্বয়ে সমন্বিতভাবে স্পর্শকাতর ও মাদকপ্রবণ এলাকায় অভিযান পরিচালনা | অতিরিক্ত পরিচালক | অভিযানের সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| (২.২) গোয়েন্দা নজরদারী বৃদ্ধির মাধ্যমে ত্রৈমাসিক ভিত্তিতে মাদক ব্যবসায়ীদের তালিকা প্রণয়ন ও হালনাগাদকরণ। | (২.২.১) অবৈধ মাদক ব্যবসায়ীদের তালিকা প্রণয়ন ও ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ। | অবৈধ মাদক ব্যবসায়ীদের চিহ্নিতকরণের মাধ্যমে তাঁদেরকে আইনের আওতায় আনয়নকরণ। | অতিরিক্ত পরিচালক | বার্ষিক তালিকা হালনাগাদের সংখ্যা। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| (৩.১) মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা প্রদান। | (৩.১.১ ) সরকারি নিরাময় কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত মাদকাসক্ত ব্যক্তি | মাদকাসক্ত ব্যক্তিদের সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে সরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের মাধ্যমে চিকিৎসা প্রদান করা হয়। | অতিরিক্ত পরিচালক | মাদকাসক্ত ব্যক্তিদের সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে সরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের মাধ্যমে চিকিৎসা প্রদান করার সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |
| | (৩.১.২) বেসরকারি নিরাময় কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত মাদকাসক্ত ব্যক্তি | মাদকাসক্ত ব্যক্তিদের সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের মাধ্যমে চিকিৎসা প্রদান করা হয়। | অতিরিক্ত পরিচালক | মাদকাসক্ত ব্যক্তিদের সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের মাধ্যমে চিকিৎসা প্রদান করার সংখ্যার উপর ভিত্তি করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও **Annual Drug Report**, অধিদপ্তরের ওয়েব সাইট (www.dnc.gov.bd) | |

# সংযোজনী-৩

## কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা :

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| শিক্ষা মন্ত্রণালয় | | মাদকের কুফল সম্পর্কে প্রচারণা | শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে মাদকের কুফল সম্পর্কে ধারণা সৃষ্টি ও গণসচেতনতায় সহায়তাকরণ। | মাদকের চাহিদা হ্রাস ও প্রতিরোধকরণ | শিক্ষার্থীদের মাদকাসক্ত হওয়ার সম্ভাবনা থেকে যায়। |
| তথ্য মন্ত্রণালয় | | মাদকের কুফল সম্পর্কে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারণা | জনসাধারণের মাঝে মাদকের কুফল সম্পর্কে সামাজিক আন্দোলন গড়ে তোলা। | মাদকের চাহিদা হ্রাস ও প্রতিরোধে সহায়ক | সর্বসাধারণের মাদকাসক্ত হওয়ার আশঙ্কা থেকে যায়। |